দৈনিক জনকণ্ঠ

তারিখ : 25 MAR 2017
পৃষ্ঠা : ৩ কলাম : ৭

# চিকিৎসা অবহেলায় শিক্ষার্থীর মৃত্যু ॥ বিক্ষোভ

**নিজস্ব সংবাদদাতা, লক্ষ্মীপুর, ২৪ মার্চ ॥** রায়পুরে চিকিৎসকের অবহেলার কারণে পঞ্চম শ্রেণীর শিক্ষার্থী রোকসানা আক্তারের (১২) মৃত্যুর অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার রাতে রায়পুর উপজেলা পৌর শহরের নিরাময় হাসপাতাল এ্যান্ড ডায়াগনস্টিক সেন্টারে এ ঘটনা ঘটে। রোকসানা রায়পুর পৌর দেনায়েতপুর এলাকার সর্দার বাড়ির আবুল কাশেমের মেয়ে ও দেনায়েতপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণীর শিক্ষার্থী। রাতেই নিহতের স্বজনরা উত্তেজিত হয়ে হাসপাতালের সামনে এসে বিক্ষোভ প্রদর্শন করার পর হাসপাতাল কর্তৃপক্ষ ও ডাক্তাররা হাসপাতাল বন্ধ করে পালিয়ে যায়। নিহতের পিতা আবুল কাশেম জানান, তার মেয়ে রোকসানা হঠাৎ অসুস্থ হলে তাকে রায়পুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়ার পথে কয়েকজন লোক তাকে বলেন, নিরাময় হাসপাতালে ভাল চিকিৎসা হয়। এখানে ভাল চিকিৎসক আছে। এসব জানানোর পর তিনি কোয়াকদের কথায় বিশ্বাস করে মেয়েকে উন্নত চিকিৎসার জন্য নিরাময় হাসপাতালে ভর্তি করেন। ওই সময় চিকিৎসক প্রাইভেট রোগী নিয়ে ব্যস্ত থাকেন। সংশ্লিষ্ট চিকিৎসক তার মেয়ের চিকিৎসা গাফলা করার কারণে মেয়েটির মৃত্যু হয়েছে বলে অভিযোগ করেন এ অভিভাবক। এ ঘটনায় চিকিৎসকের বিচার দাবি করেছেন মৃতের অভিভাবক।